গোপালগঞ্জে থানা পোড়ানোর অভিযোগে গ্রেপ্তার অতিরিক্ত পুলিশ সুপার



অতিরিক্ত পুলিশ সুপার আবুল হাসান। ছবি: সংগৃহীত

গোপালগঞ্জের মুকসুদপুর থানায় অগ্নিসংযোগের ঘটনায় পরিকল্পনার অভিযোগে অতিরিক্ত পুলিশ সুপার মো. আবুল হাসানকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (২৪ নভেম্বর) রাত ৮টার দিকে ময়মনসিংহের এসআরবি-১৪ কার্যালয় থেকে ডিবি পুলিশের একটি দল তাঁকে গ্রেপ্তার করে।

আবুল হাসান ৩৪তম বিসিএস পুলিশ ব্যাচের কর্মকর্তা। তাঁর বাড়ি মুকসুদপুর উপজেলার গোবিন্দপুর এলাকায়। ২০২৪ সালের ৫ আগস্টের আগে তিনি ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্বে ছিলেন। পরে তাঁকে এসআরবিতে বদলি করা হয়।

মুকসুদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জানান, গত ১৯ নভেম্বর ছাত্রলীগের ‘ঢাকা লকডাউন’ কর্মসূচি চলার সময় থানায় আগুন দেওয়া হয়। এতে পুরো থানা ভবন পুড়ে যায়।

ওসি বলেন, তদন্তে অগ্নিসংযোগের পরিকল্পনার সঙ্গে আবুল হাসানের সংশ্লিষ্টতার তথ্য পাওয়া গেছে। গ্রেপ্তারের আগে তাঁকে এসআরবি-১১ ও হেডকোয়ার্টারে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদের সময় তাঁর কথাবার্তা ও আচরণে ঘটনায় সম্পৃক্ততার ইঙ্গিত পাওয়ার পর তাঁকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে পুলিশ।